

অনলাইনে ভর্তি প্রত্যারণা ৫ কলেজকে নোটিশ

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষার্থী ভর্তি নিয়ে প্রত্যারণা ও শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালা লঙ্ঘনের দায়ে রাজধানীর বিতর্কিত পাঁচটি কলেজকে সতর্কীকরণ নোটিশ দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। একই ভর্তি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

ভর্তি : প্রত্যারণা (১ম পৃষ্ঠার পর)

সঙ্গে কলেজগুলোয় কর্তৃপক্ষকে তিনদিনের মধ্যে ব্যাখ্যা দিতে নির্দেশ দিয়েছে শিক্ষা বোর্ড। বিতর্কিত কলেজ হলো- ক্যামব্রিয়ান কলেজ, কিংস কলেজ, মেট্রোপলিটন কলেজ, উইনসাম কলেজ এবং শ্যামলী আইডিয়াল কলেজ। এর মধ্যে প্রথম চারটি কলেজ প্রতিবারই মন্ত্রণালয়ের নিয়মনীতি অগ্রাহ্য করে আসছে। আর ২০০৯ সালে ক্যামব্রিয়ান কলেজকে কালো তালিকাভুক্ত করেছিল শিক্ষা মন্ত্রণালয়। ঢাকা শিক্ষা বোর্ড থেকে বৃহস্পতিবার জারি করা সতর্কীকরণ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, '২০১৫-১৬ শিক্ষাবর্ষে 'একাদশ শ্রেণিতে ভর্তি চলছে' মর্মে তাদের কলেজের নাম দিয়ে পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করছে। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে, এখন থেকেই এহেন কাজ না করার জন্য সতর্ক করা হলো।' বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, 'মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা ২০১৫ অনুযায়ী ভর্তি শুরু পূর্বেই 'ভর্তি চলছে' মর্মে কেন বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে এ বিষয়ে কলেজসমূহকে আগামী তিনদিনের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।' বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালামের স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, 'আগামী ২৫ জুন ভর্তির ফল প্রকাশের পর শিক্ষা বোর্ডের সূচি অনুযায়ী ভর্তির কার্যক্রম শুরু হবে।'